গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা**

৬২/৩, পুরানা পল্টন, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (১৯ ও ১২ তলা), ঢাকা-১০০০।

www.vatdhkeast.gov.bd

নথি নং-০৮.০১.২৬০০.০১৬.২(১০).৯২৬.২৫/২৫৬ তারিখ: ১৮/ ০১/২০২৬ খ্রি.

## আদেশ

অভ্যন্তরীন সম্পদ বিভাগের প্রজ্ঞাপন নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখ: ১৩/০৬/২০১৯ খ্রিঃ এবং সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখ: ২৬ সেপ্টেম্বর, ২০১৯ খ্রি. অনুযায়ী শতভাগ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানে ব্যবহৃত বিদ্যুৎ বিলের ক্ষেত্রে প্রযোজ্য মূল্য সংযোজন কর (মূসক) এর ১০০% (শতভাগ) অব্যাহতি সুবিধা প্রাপ্তির লক্ষ্যে IFRAZ PACKAGING INDUSTRY LIMITED, Nagri, Vasania; Kaliganj PS; Gazipur-1720; Bangladesh (নিবন্ধন নং- 000274432-0306) নামীয় প্রতিষ্ঠানটি অত্র দপ্তরে আবেদনপত্র দাখিল করেন। উক্ত প্রজ্ঞাপন ও আদেশ অনুযায়ী এ দপ্তরের তদন্ত কর্মকর্তার সরেজমিন প্রতিবেদন অনুযায়ী দেখা যায়, আবেদনে উল্লিখিত বিদ্যুৎ মিটার নম্বর-০৯০০৫৯৯৬ (গ্রাহক/হিসাব নং-১০৬৯০৮৬০৫১০৭০) সঠিক এবং উল্লিখিত মিটারের মাধ্যমে ব্যবহৃত বিদ্যুৎ প্রতিষ্ঠানের পণ্য উৎপাদনের কাজ ব্যতীত অন্য কোন আবাসিক সংযোগ বা বাহিরে অন্য কোথাও সংযোগের প্রমাণ পাওয়া যায়নি। এছাড়া রপ্তানির স্বপক্ষে প্রতিষ্ঠান কর্তৃক পি.আর.সির কপি দাখিল করেছেন। প্রতিবেদনে প্রতিষ্ঠানে শতভাগ উৎপাদন কাজে ব্যবহৃত বিদ্যুৎ মিটারের বিলের বিপরীতে প্রদেয় মূসক জাতীয় রাজস্ব বোর্ডের এস.আর.ও এবং আদেশ অনুযায়ী শতভাগ অব্যাহতির সুপারিশ করা হয়েছে।

০২। সুতরাং তদন্ত কর্মকর্তাগণের প্রতিবেদন ও মতামতের ভিত্তিতে এবং উপরে উল্লিখিত প্রজ্ঞাপন ও আদেশ অনুযায়ী IFRAZ PACKAGING INDUSTRY LIMITED, Nagri, Vasania; Kaliganj PS; Gazipur-1720; Bangladesh (নিবন্ধন নং- 000274432-0306) এর আবেদন বিবেচনা করে নিম্নেবর্ণিত টেবিল এর ০২ নং কলামে বর্ণিত খাতের ক্ষেত্রে ০৪ নং কলামে বর্ণিত মিটার নম্বর এর বিপরীতে উক্ত টেবিলের ০৫ নং কলামে উল্লিখিত হারে নিম্নোক্ত শর্তসাপেক্ষে মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতি প্রদান করা হলো:

**টেবিল**

| ক্রঃ নং | খাত | শিরোনামা সংখ্যা/ সেবার কোড | বর্তমান মিটার নম্বর | মূল্য সংযোজন কর অব্যাহতির হার |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | বিদ্যুৎ | এস-০৫৭ | বিদ্যুৎ মিটার নম্বর-০৯০০৫৯৯৬ (গ্রাহক/হিসাব নং-১০৬৯০৮৬০৫১০৭০) | ১০০ (একশত) শতাংশ |

শর্তসমূহ ঃ

(১) প্রতিমাসের দাখিলপত্র (মূসক-৯.১) পরবর্তী মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে দাখিল করতে হবে। বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসনের প্রমাণপত্র (PRC) সহ দাখিলপত্রের সহিত অব্যাহতি প্রদত্ত মূসক এর তথ্য সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯ এর পরিশিষ্ট-ক এর ছকে সংযুক্ত করতে হবে।

(২) সংশ্লিষ্ট সেবাদানকারী সংস্থা কর্তৃক বর্ণিত মিটার নম্বরগুলির কোন কারণে যে কোন ধরনের পরিবর্তন বা সংশোধন করা হলে অবিলম্বে এ দপ্তরকে অবহিত করে সংশোধিত আদেশ গ্রহণ করতে হবে।

(৩) বর্ণিত মিটার হতে রপ্তানিতব্য পণ্য উৎপাদন ব্যতীত অন্য কোথাও সংযোগ দেয়া হলে বা অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখ: ১৩/০৬/২০১৯ খ্রিঃ এবং সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখ: ২৬ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিঃ এর কোন শর্ত অথবা অঙ্গীকারনামার শর্ত ভঙ্গ করলে এ অব্যাহতি আদেশ বাতিল করা হবে।

০৩। আলোচ্য অব্যাহতির আদেশ আগস্ট-২০২৫ মাস হতে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

০৪। প্রতি দুই বছর অন্তর সময়ের মধ্যে মূসক আইন ও বিধিমালার সংশ্লিষ্ট কার্যাবলী ও নিরীক্ষা সম্পন্ন করতে হবে। অন্যথায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৫। আদেশের বা প্রচলিত বিধি বিধানের কোন শর্ত প্রতিপালনের ব্যত্যয় হলে এ আদেশ বাতিল বলে গণ্য হবে।

[মুহাম্মদ [illegible] আলম]
কমিশনার
ফোনঃ +৮৮০২২২-৩৩৯০১৮৪।
E-mail: vatdhakaeast@gmail.com

ব্যবস্থাপনা পরিচালক
IFRAZ PACKAGING INDUSTRY LIMITED
Nagri, Vasania; Kaliganj PS; Gazipur-1720;
Bangladesh (নিবন্ধন নং- 000274432-0306)
E-mail: mdarukonvattax@gmail.com

নথি নং-০৮.০১.২৬০০.০১৬.২(১০).৯২৬.২৫/ তারিখঃ / /২০২৬ খ্রি.

অনুলিপি : অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) -

০১। জেনারেল ম্যানেজার, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, পূবাইল জোনাল অফিস, গাজীপুর।
০২। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, বিভাগীয় দপ্তর, নরসিংদী।
০৩। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, ঘোড়াশাল সার্কেল। তাকে উপরোক্ত শর্তাবলী প্রতিপালন নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

[মোঃ রিয়াজুল ইসলাম ]
যুগ্ম কমিশনার
কমিশনারের পক্ষে।